

কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং ৪ ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৫.১৭- ৫৫৪(ক) তারিখঃ ০৩.০৮.২০১৭ খ্রিঃ।
বিষয়ঃ আদর্শ ইসলামী মিশন মহিলা কামিল মাদরাসায় অধ্যক্ষ নিয়োগ প্রক্রিয়ায় অনিয়ম ও ধারাবাহিকভাবে সরকারি নীতিমালার অবজ্ঞা এবং এ
বিষয়ে ব্যাখ্যা চাওয়া সত্ত্বেও নির্ধারিত সময়ের মধ্যে এতদসংক্রান্ত ব্যাখ্যা প্রদান না করার জন্য এম.পি.ও বন্ধসহ অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর বিরুদ্ধে
প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র(১) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.২৫.০০০০.০০৩.০২.০১৫.১৭- তারিখঃ ০৮.০১.২০১৭ খ্রিঃ।
(২) আইমি/মকাম/২০১৭/কারণ ব্যাখ্যা/১৫ তারিখঃ ১৯.০২.২০১৭ খ্রিঃ।
(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৫.১৭- তারিখঃ ১৫.০৯.২০১৭ খ্রিঃ।
(৪) আদর্শ ইস: মহিলা কামিল মাদরাসার সামারক নং- আইমি/মকাম/প্রতিবেদন দাখিল/২০১৭/১৮ তারিখঃ ০৯.০৭.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জানান যাচ্ছে যে, বিষয়োক্ত মাদরাসায় অধ্যক্ষ পদে
নিয়োগ প্রক্রিয়ায় অনিয়ম এবং উক্ত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অবজ্ঞা করে শিষ্টাচার বহির্ভূত পত্র প্রেরণের
কারণ ব্যাখ্যা প্রদানের নিমিত্ত সূত্রে বর্ণিত ১ নং স্মারকের মাধ্যমে তাঁকে একটি পত্র প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)।

০২. এর প্রেক্ষিতে মহোদয় কর্তৃক সূত্রে বর্ণিত ২ নং স্মারকে একটি জবাবী পত্র এ অধিদপ্তরে প্রেরণ করা হয়।

০৩. মহোদয় কর্তৃক উক্ত জবাবী পত্রে অসংলগ্ন, অযৌক্তিক ও অবাস্তব বক্তব্য থাকায় এবং তা এ অধিদপ্তরের নিকট সন্তোষজনক ও
গ্রহণ যোগ্য না হওয়ায় সূত্রোক্ত ৩ নং স্মারক পত্রের মাধ্যমে উক্ত মাদরাসার অধ্যক্ষ নিয়োগ প্রক্রিয়ায় নানা অনিয়ম কেন করা হয়েছে ও সরকারি
নীতিমালা অবজ্ঞার কারণে কেন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না এর কারণ ব্যাখ্যা পূর্বক একটি প্রতিবেদন এ
অধিদপ্তরে গত ১০.০৭.২০১৭ খ্রি: তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে অনুরোধ করে পত্র প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)।


০৪. এ অধিদপ্তর কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে বর্ণিত বিষয়ের প্রতিবেদন দাখিল না করে সূত্রোক্ত ৪ নং স্মারক পত্রের মাধ্যমে
৩১, জুলাই, ২০১৭ পর্যন্ত সময়সীমা বৃদ্ধির জন্য মহোদয় কর্তৃক মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করা হয় এবং
ইতোমধ্যে ৩১, জুলাই, ২০১৭ খ্রি: তারিখ অতিক্রান্ত হয়ে যায়।

০৫. কিন্তু আজোবধি মহোদয় কর্তৃক সূত্রোক্ত ৩ নং স্মারক পত্রের কোন জবাব প্রদান করা হয়নি।

০৬. ধারাবাহিকভাবে সরকারের নিয়মনীতি অমান্যপূর্বক নিয়োগ কার্যক্রম পরিচালনা এবং দীর্ঘ সময় দেয়া সত্ত্বেও উর্ধ্বতন কর্তৃপক্ষের
চাহিত পত্রের কোন প্রকার জবাব না দেয়া সরকারের নীতিমালার প্রতি চরম ধৃষ্টতা ও সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্যের শামিল।

০৭. প্রতিষ্ঠানের ও সরকারি কাজের শৃংখলা বজায় রাখার স্বার্থে এহেন অসদাচরণের বিষয়ে ব্যবস্থা নেয়া দরকার।

০৮. এমতাবস্থায় বর্ণিত কারণে এম.পি.ও বন্ধসহ মহোদয়ের বিরুদ্ধে কেন প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না এ বিষয়ে
ব্যাখ্যাসহ একটি প্রতিবেদন আগামি ১৭.০৮.২০১৭ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ
করা হলো।


03.08.17

মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক, সর: ও সিনি: মাদরাসা

মাদরাসা শিক্ষা অধিদপ্তর

ফোন নং-৯৩৪৫৮৮০

ই-মেইল- dgdmeb@gmail.com

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

আদর্শ ইসলামী মিশন মহিলা কামিল মাদরাসা, ৩/১৪, ব্লক-জি

কাজী নজরুল ইসলাম রোড, লালমাটিয়া মোহাম্মদপুর, ঢাকা।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

২. রেজিস্ট্রার, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩. সভাপতি, আদর্শ ইসলামী মিশন মহিলা কামিল মাদরাসা, ৩/১৪, ব্লক-জি, কাজী নজরুল ইসলাম রোড, লালমাটিয়া মোহাম্মদপুর, ঢাকা

৪. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।

৫. মাধ্যমিক শিক্ষা অফিসার, ঢাকা সদর, ঢাকা।

৫. অফিস।